

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২৮, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মেসার্স চিশতীয়া দাওয়াখানা (ইউনানী), ফার্মপাড়া, রেলগেট, চুয়াডাঙ্গা, (ইউনানী ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান) ম্যানুফ্যাকচারিং লাইসেন্স নং-ইউ-১৮০ এর স্বত্বাধীকারী। আমি উক্ত প্রতিষ্ঠানটির একক মালিক ছিলাম। আমার আর্থিক অস্বচ্ছলতার কারণে উক্ত প্রতিষ্ঠানটির মালিকানা হস্তান্তরের পূর্ব অনুমতির জন্য ঔষধ প্রশাসন বরাবর আবেদন করি। যার প্রেক্ষিতে স্মারক নং-ডিজিডিএ/ইউ-৬৬/৮৫/১৯৩০৯, তারিখ: ২৯-১২-২০১৭ ইং এর মাধ্যমে জনাব মোঃ তৈমুর হোসেন ও ওবাইদুর রহমান, উভয় পিতা: হাজী আব্দুর রহমান এর নিকট মালিকানা হস্তান্তরের পূর্বানুমতি প্রদান করা হয়। কিন্তু তাদেরও আর্থিক অস্বচ্ছলতার কারণে এর পর হতে বিগত ০৩(তিন) বছর পেরিয়ে গেলেও তারা লাইসেন্সটির মালিকানা পরিবর্তন, হস্তান্তর সহ কোনো প্রকার কার্যাদি সম্পন্ন করতে পারে নাই। তারা উক্ত লাইসেন্স এর হস্তান্তরিত দলিল আমাকে ফেরৎ প্রদান করে। উক্ত লাইসেন্সটির মালিকানা পরিবর্তনের পূর্বানুমতি কিংবা আমি নিজেই পরিচালনা করলে পূর্বানুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের কোনো আপত্তি নেই মর্মে ঔষধ প্রশাসন মহাপরিচালক মহোদয় বরাবরে তারা আবেদন দাখিল করেন। এ বিষয়ে বিগত ১০-০৯-২০২০ তারিখে সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, চুয়াডাঙ্গা এবং বিগত ০৪-১০-২০২০ তারিখে সহকারী পরিচালক ও উপপরিচালক মহোদয়ের সামনে উপস্থিত হয়ে স্বীকারোক্তি প্রদান করেন। বর্তমানে তাদের সাথে কোনো আর্থিক লেনদেন নেই। এমতাবস্থায়, আমার একার পক্ষে প্রতিষ্ঠানটি পরিচালনা করা সম্ভব হইতেছে না বিধায় আমি একজন অংশীদার নিয়োগ করি। বর্তমানে আমার প্রতিষ্ঠানের মালিকানায় একজন অংশীদার নিয়োগ করে তা জয়েন্ট স্টক কোম্পানী হতে লিমিটেড কোম্পানী নিবন্ধন করে আর্টিকেল অব

(৭১০৯)

মূল্য : টাকা ৪.০০

মেমোরেডাম এর কপি ঔষধ প্রশাসনের অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনের সাথে দাখিল করি। আমি একজন বয়োবৃদ্ধ ও অসুস্থ মানুষ। আমার পক্ষে কোম্পানী দেখাশুনা করা সম্ভব হচ্ছে না। তাই আমার ব্যবসায়িক সুবিধার কারণে আমার প্রতিষ্ঠানের নাম মেসার্স চিশতীয়া দাওয়াখানা (ইউনানী) এর পরবর্তে রেনিক্স ইউনানী ল্যাবরেটরিজ লিঃ, রেজিঃ নং-সি-১৬৮৬৩৭, তারিখ: ১০-০২-২০২১ (মোঃ আবুল হোসেন-চেয়ারম্যান, শেয়ার ২০% এবং আবু হানিফ-ব্যবস্থাপনা পরিচালক, শেয়ার ৮০%) এবং প্রতিষ্ঠানের ঠিকানা ফার্মপাড়া, রেলগেট, চুয়াডাঙ্গা হতে পরিবর্তন করে বর্তমানে দেলপাড়া, কুতুবপুর, নারায়ণগঞ্জ-এ স্থানান্তর করা হয়।

মোঃ আবুল হোসেন

চেয়ারম্যান

চিশতীয়া দাওয়াখানা (ইউনানী), ফার্মপাড়া, রেলগেট, চুয়াডাঙ্গা,
পরিবর্তিত নাম ও ঠিকানা: রেনিক্স ইউনানী ল্যাবরেটরিজ লিঃ,
দেলপাড়া, কুতুবপুর, নারায়ণগঞ্জ।